প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড,
ইস্কাটন, ঢাকা website: www.pkb.gov.bd

পরিপত্র নং- ৪৬/২০২২ তারিখঃ ১০.০৮.২০২২ খ্রিঃ

## প্রবাসী কল্যাণ ব্যাংক স্কুল ব্যাংকিং নীতিমালা, ২০২২

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতার লালিত ধারণা এবং আবেগে উৎসাহিত হয়ে অভিবাসীদের সার্বিক কল্যাণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংক আইন,২০১০ (২০১০ সনের ৫৫ নং আইন) এর মাধ্যমে প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিষ্ঠা করেন। তিনি ঢাকায় কলম্বো প্রসেস এর ৪র্থ সম্মেলন চলার সময় ২০১১ সালের ২০শে এপ্রিল এই ব্যাংকের শুভ উদ্বোধন ঘোষণা করেন। বাংলাদেশ ব্যাংক ৩০ জুলাই,২০১৮ তারিখে এই ব্যাংককে তফসিলি বিশেষায়িত ব্যাংক হিসেবে তালিকাভূক্ত করেছে।

এই ব্যাংকের মাধ্যমে বিদেশগামী অভিবাসী কর্মীদের অভিবাসন ঋণ, বিদেশ ফেরত কর্মীদের পুনর্বাসন ঋণ, আত্নকর্মসংস্থানমূলক ঋণ, নারী কর্মীদের বিশেষ অগ্রাধিকার দিয়ে নারী উদ্যোক্তা কর্মসংস্থান ঋণ (নারী অভিবাসন ঋণ ও নারী পুনর্বাসন ঋণ) এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার পুনর্বাসন ঋণ বিতরণ করা হচ্ছে। এছাড়াও কোভিড -১৯ এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্থ বিদেশ ফেরত অভিবাসী কর্মী কিংবা বিদেশে মৃত্যুবরণ করেছেন এমন কোন কর্মীর পরিবারের সদস্যকে সরল ও স্বল্প সুদে বিশেষ পুনর্বাসন ঋণ প্রদান করা হচ্ছে।

সঞ্চয়ের মাধ্যমে স্কুল ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক তথা ব্যাংকিং কর্মকান্ডে অংশগ্রহণের মাধ্যমে দেশের আর্থিক অন্তর্ভূক্তি বৃদ্ধি এবং আধুনিক ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে সম্পৃক্ত করে সঞ্চয়ের মানসিকতা সৃষ্টি করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ২০১০ সালে স্কুল ব্যাংকিং কার্যক্রম প্রচলন করার জন্য পরামর্শ প্রদান করে। এরই ধারাবাহিকতায় অধিকাংশ তফসিলী ব্যাংক স্কুল ব্যাংকিং কার্যক্রম চালু করেছে এবং স্কুল ব্যাংকিং কার্যক্রমে ইতোমধ্যে উল্লেখযোগ্য অগ্রগতিও অর্জন করেছে। স্কুল ব্যাংকিং সেবা এ কার্যক্রমকে আরো স্বচ্ছ, সচেতনতামূলক ও গতিশীল করার মাধ্যমে স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে ব্যাংকিং সেবা পৌছে দেওয়ার লক্ষ্যে এই ব্যাংকের জন্য "স্কুল ব্যাংকিং নীতিমালা,২০২২" নিম্নবর্ণিতভাবে প্রণয়ন করা হলোঃ

**১.০ শিরোনামঃ** এই নীতিমালা " প্রবাসী কল্যাণ ব্যাংক স্কুল ব্যাংকিং নীতিমালা,২০২২" নামে অভিহিত হবে।

**২.০ উদ্দেশ্যঃ** সঞ্চয়ের মাধ্যমে স্কুলের ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক তথা ব্যাংকিং কর্মকান্ডে অংশগ্রহনের মাধ্যমে দেশের আর্থিক অন্তর্ভূক্তি বৃদ্ধি এবং আধুনিক ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে সম্পৃক্ত করে সঞ্চয়ের মানসিকতা সৃষ্টি।

**৩.০ স্কুল ব্যাংকিং স্কীমের বিস্তারিত বিবরণ (হিসাবের বৈশিষ্ট):**

| | | | |
|---|---|---|---|
| ক. | স্কীমের নাম | : | "পিকেবি স্কুল ব্যাংকিং (PKB-SB)"; |
| খ. | হিসাব খোলা | : | ০৬ বছর হতে ১৮ বছরের কম বয়স্ক বা ১ম শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত স্কুলে অধ্যয়নরত বাংলাদেশী শিক্ষার্থী স্কিমের আওতায় হিসাব খুলতে পারবে; |
| গ. | হিসাব পরিচালনাকারী | : | ছাত্র-ছাত্রীদের পক্ষে পিতা/মাতা অথবা আইনগত অভিভাবকের মাধ্যমে হিসাবটি পরিচালনা করতে পারবে; |
| ঘ. | হিসাবের প্রকৃতি | : | এরুপ হিসাব সঞ্চয়ী হিসাব আকারে খোলা যাবে। তবে প্রয়োজনে এ হিসাব হতে স্থানান্তরের মাধ্যমে যে কোন সঞ্চয়ী স্কীম খোলা যাবে; |
| ঙ. | নূন্যতম প্রারম্ভিক জমা | : | হিসাব খোলার সময় নূন্যতম ১০০ (একশত) টাকা জমা দিয়ে হিসাব খুলতে হবে; |
| চ. | নাগরিকত্ব | : | হিসাবধারী ছাত্র/ছাত্রী এবং অভিভাবক/ আইনগত অভিভাবক উভয়কেই বাংলাদেশের নাগরিক হতে হবে; |

| | | | |
|---|---|---|---|
| ছ. | হিসাবধারীর অর্থের উৎস | : | হিসাবে জমাকৃত অর্থের উৎসের আইনগত বৈধতার বিষয়ে নিশ্চিত হতে হবে এবং সম্পাদিত লেনদেন তৎপ্রেক্ষিতে যৌক্তিক হতে হবে; |
| জ. | মুনাফা প্রদানঃ | : | দৈনিক স্থিতির ভিত্তিতে বার্ষিক ৭% হারে বছরে ২ বার (জুন ও ডিসেম্বর মাসে) হিসাবে মুনাফা প্রদেয় হবে; |
| ঝ. | নূন্যতম স্থিতিঃ | : | নূন্যতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না; |
| ঞ. | সার্ভিস চার্জ/ফিঃ | : | এরূপ হিসাবসমূহ হতে সরকারী ফি ব্যতীত অন্য কোন প্রকার চার্জ আদায় করা যাবে না। স্কুল ব্যাংকিং হিসাবে এটিএম কার্ড ইস্যু করা হলে এটিএম কার্ড ইস্যু ও নবায়ন ফি এর ক্ষেত্রেও একই দৃষ্টিকোণ থেকে তা বিবেচিত হবে; |
| ট. | চেক বই প্রদানঃ | : | কোন প্রকার চার্জ ব্যতীত স্বাভাবিক চেক বই ইস্যু করা যাবে। তবে MICR চেক এর জন্য প্রযোজ্য চার্জ আদায় করতে হবে। |
| ঠ. | এটিএম কার্ড | : | এরূপ হিসাবের বিপরীতে এটিএম কার্ড (শুধুমাত্র ডেবিট কার্ড) ইস্যুকরা যাবে। এটিএম কার্ডের মাধ্যমে এবং Point of Sales (POS) এ মাসিক উত্তোলন সীমা হবে সর্বোচ্চ ২০০০/-(দুই হাজার) টাকা। তবে অভিভাবকের অনুরোধের প্রেক্ষিতে এ সীমা সর্বোচ্চ ৫০০০/-(পাঁচ হাজার) টাকায় বর্ধিত করা যাবে। |

**৪.০ হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলীঃ**

ক. হিসাব খোলার ক্ষেত্রে বর্তমানে প্রচলিত সঞ্চয়ী হিসাব খোলার ফরম এবং KYC ফরম ব্যবহার করতে হবে। এরূপ হিসাবের জন্য ছাত্র/ছাত্রী এবং অভিভাবক উভয়কেই ব্যক্তিগত তথ্য ফরম পূরণ করতে হবে এবং উভয় ফরমে বৈধ অবিভাবকের স্বাক্ষর থাকতে হবে;

খ. হিসাব খোলার সময় হিসাবধারী এবং হিসাব পরিচালনাকারী উভয়ের যথাযথ KYC নিশ্চিত করতে হবে এবং TP সহ অন্যান্য ঘোষনাপত্র গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ছাত্র/ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদ এবং শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র/প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সর্বশেষ মাসের বেতন রশিদের সত্যায়িত অনুলিপি গ্রহণ করতে হবে। গৃহীত দলিলাদি বাধ্যতামূলকভাবে ব্যাংকে সংরক্ষণ করতে হবে ;

গ. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট থেকে ছাত্র/ছাত্রী সম্পর্কে সনদপত্র গ্রহণ করতে হবে এবং অভিভাবকের জাতীয় পরিচয়পত্র বা কমিশনার/চেয়ারম্যানের নিকট থেকে নাগরিকত্ব সনদ এবং হিসাবধারী ও অভিভাবকের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি গ্রহণ করতে হবে;

ঘ. শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ/ব্যাংক অফিসিয়াল/শাখার অন্য হিসাবধারী কর্তৃক ছবি সত্যায়িত করতে হবে;

ঙ. নমিনীবিহীন হিসাব খোলা যাবে না। হিসাব পরিচালনাকারী কর্তৃক নমিনীর ছবি সত্যায়িত করতে হবে;

চ. আমানতকারীর জীবদ্দশায় নমিনীর মৃত্যু হলে পুনরায় নমিনী নিয়োগ করতে হবে;

ছ. হিসাবটি যেহেতু নাবালক হিসাব, সেহেতু একজন বৈধ অবিভাবকের সাথে যৌথভাবে এ হিসাব খুলতে হবে। ছাত্র/ছাত্রীদের বয়স ১৮ বছর পূর্ণ হলে অভিভাবকের সম্মতিক্রমে এককভাবে হিসাব পরিচালনা করা যাবে;

জ. হিসাবধারীর বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার সাথে সাথে হিসাবধারীর সম্মতির প্রেক্ষিতে এরূপ হিসাব সাধারণ সঞ্চয়ী হিসাবে রুপান্তরিত হবে এবং চালু থাকবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট আইনগুলো এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিধিবিধান এবং নীতিমালাসমূহ যথারীতি প্রযোজ্য হবে। হিসাবধারীর বয়স ১৮ বছর পূর্ণ হবার পর সাধারণ সঞ্চয়ী হিসাবে রুপান্তরকরণের পূর্ব পর্যন্ত এরূপ হিসাব থেকে কোন উত্তোলন (হিসাব বন্ধকরণ ব্যতীত) প্রদানযোগ্য হবে না;

ঝ. স্কুল ব্যাংকিং হিসাবের ক্ষেত্রেও সংশ্লিষ্ট আইন এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিধিবিধান এবং নীতিমালাগুলো প্রযোজ্য হবে।

প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড,
ইস্কাটন, ঢাকা website: www.pkb.gov.bd

**৫.০ হিসাব খোলা এবং পরিচালনার জন্য ফরম, সিগনেচার কার্ড এর ব্যবহারঃ**

ক. বর্তমানে সঞ্চয়ী হিসাব আমানতের জন্য ব্যবহৃত ফরম, সিগনেচার কার্ড, লেজার ও জমা স্লিপ এ স্কীম পরিচালনার ক্ষেত্রে ব্যবহৃত হবে। তবে সংশ্লিষ্ট ফরম এবং রেজিষ্টারে "পিকেবি স্কুল ব্যাংকিং অথবা (PKB-SB)"সীল ব্যবহার করতে হবে;

খ. জেনারেল লেজার "পিকেবি স্কুল ব্যাংকিং (PKB-SB)" এবং "পিকেবি স্কুল ব্যাংকিং (PKB-SB)"সুদ হিসাব নামে হিসাব খুলতে হবে;

গ. পোষ্টিং সিস্টেমঃ Interest paid on PKB School banking Scheme--------Dr.
Pkb School banking scheme-------------------------------------Cr.
Source Tax (প্রদেয় হিসাব) ------------------------------------------------Cr

সফটওয়্যারে পোষ্টিং এর মাধ্যমে Source Tax প্রধান কার্যালয়ে স্থানান্তরঃ

Source Tax (প্রদেয় হিসাব) -------------------------------------------------Dr.
Inter-branch Transection (প্রধান কার্যালয়) ------------------------Cr.

ঘ. সঞ্চয়ী হিসাবের ন্যায় আলাদাভাবে শাখার সুদ হিসাব ডেবিটপূর্বক মাসিক ভিত্তিতে "পিকেবি স্কুল ব্যাংকিং (PKB-SB)'' হিসাবের সুদের প্রভিশন করতে হবে;

ঙ. সঞ্চয়ী হিসাবের ন্যায় আলাদাভাবে এই স্কীমের আওতায় খোলা হিসাবের ব্যালেন্সিং করতে হবে।

**৬.০ প্রতিবেদন দাখিল ও কার্যক্রম প্রকাশঃ**

স্কুল ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতি ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এ দাখিল করতে হবে। এ স্কিমের আওতায় খোলা হিসাবের সংখ্যা এবং টাকার পরিমাণ উল্লেখপূর্বক নিম্নের ছকের মাধ্যমে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে শাখাসমূহ প্রধান কার্যালয়ের শাখা পরিচালন, নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করবে।

<u>ছক</u>
প্রবাসী কল্যাণ ব্যাংক
----------- শাখা
--------মাসের "পিকেবি স্কুল ব্যাংকিং (PKB-SB)" হিসাবের আওতায় খোলা হিসাবের বিবরণী

| ক্রমিক নং | পূর্ববর্তী মাস পর্যন্ত খোলা হিসাবের সংখ্যা | চলতি মাসে খোলা হিসাবের সংখ্যা | চলতি মাসে বন্ধ হিসাবের সংখ্যা | শুরু হতে চলতি মাস পর্যন্ত মোট হিসাবের সংখ্যা | হিসাব সমূহের মোট স্থিতি (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

**৭.০ কার্যকর ও পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/সংযোজন করার ক্ষমতাঃ**

এ স্কিমের আওতায় হিসাব খোলার কার্যক্রম জারীর তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত এ স্কিম চালু থাকবে। হিসাবের যেকোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/সংযোজন করার অধিকার প্রবাসী কল্যাণ ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

| | | | |
|---|---|---|---|
| 10.08.2022 | 10/08/22 | 10/08/2022 | 10/08/2022 |
| (মোছাঃ নিলুফা রহমান লোপা) | (মোঃ ফরহাদ হোসেন) | (মোহাম্মদ মফিজুল ইসলাম) | (মোঃ জাহাঙ্গীর হোসেন) |
| এসও | এসপিও ও ইউনিট/সেল প্রধান | উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান | মহাব্যবস্থাপক |